

## তাহজিব ইনসিটিউট

বিশুদ্ধ দীনি জ্ঞানার্জনের উন্নত প্লাটফর্ম  
[www.tahzibinstitute.com](http://www.tahzibinstitute.com)

### দারস ৮

#### বিষয়: মাদ (টেনে পড়া)

আরবীতে ‘মাদ’ অর্থ টেনে পড়া। আরবী পাঠের একটি বিশেষ নিয়ম হলো, কিছুক্ষেত্রে টেনে টেনে পড়তে হয়। টানার পরিমাণভেদে এটি মোট তিনরকমের হয়ে থাকে।

- এক আলিফ মাদ (১ সেকেন্ড দীর্ঘ)
- তিন আলিফ মাদ (৩ সেকেন্ড দীর্ঘ)
- চার আলিফ মাদ (৪ সেকেন্ড দীর্ঘ)

মাদ বা টেনে পড়া আরবী পঠনরীতির গুরুত্বপূর্ণ অনুষঙ্গ। যে স্থানে যে পরিমাণ টানার ছিল থাকবে সেখানে সে পরিমাণই টানতে হবে। কোনোক্রমে কমবেশি করা যাবে না। তাহলে ভুল বলে গণ্য হবে।

মোট চারটি জায়গায় এক আলিফ করে টেনে পড়বো।

১. মাদের হরফ
২. মাদের হরকত
৩. মাদে লীন
৪. মাদে এওয়াজ

নিম্নে আমরা এক আলিফ মাদের প্রকারগুলো একটি একটি করে বিস্তারিত আলোচনা করবো। ভালোভাবে লক্ষ্য করুন।

#### পাঠ ১: মাদের হরফ

যে সকল জায়গায় এক আলিফ টেনে পড়তে হয়, প্রথমেই রয়েছে মাদের হরফ। আমরা জানি, হরফ মানে বর্ণ বা অক্ষর। আর মাদ মানে ‘টেনে পড়া’। তাহলে মাদের হরফ মানে এমন হরফ যেগুলো টেনে পড়তে হয়।

**মুখ্য করুন:** মাদের হরফ তিনটি: ।، ۔, ـ। যবরের পর খালি আলিফ, যের-এর পর সুকুনযুক্ত ইয়া এবং পেশ-এর পর সুকুনযুক্ত ওয়াও হলে এর ডানের হরকতকে এক আলিফ টেনে পড়তে হয়।

**বানান নিয়ম:** বা আলিফ যবর-বা, বা ইয়া যের-বী, বা ওয়াও পেশ-বু। প্রথমে বানানসহ পড়ুন। এরপর বানান ছাড়াই পড়ার চেষ্টা করুন।

تُو	تِي	تا	بُو	پِي	با
جُو	جِي	جا	ثُو	ثِي	ثَا
خُو	خِي	خَا	حُو	حِي	حَا
ذُو	ذِي	ذا	دُو	دِي	دا
زُو	زِي	زا	رُو	رِي	را
شُو	شِي	شا	سُو	سِي	سا
ضُو	ضِي	ضا	صُو	صِي	صَا
ظُو	ظِي	ظَا	طُو	طِي	طَا
غُو	غِي	غا	عُو	عِي	عا
قُو	قِي	قا	فُو	فِي	فا
لُو	لِي	لا	كُو	كِي	كا
نُو	نِي	نا	مُو	مِي	ما
هُو	هِي	ها	وُو	وِي	وا

		بِ	رَبِّ	بِ
--	--	----	-------	----

অনুশীলনী ১: নিম্নে মাদের হরফসহ পূর্বের সাতটি দারসে যা কিছু পড়েছেন সবগুলোর সমন্বয়ে অনুশীলনী রয়েছে। হরফের উচ্চারণ, হরকত, তানবীন, সুকুন, তাশদীদ ও মাদের হরফের নিয়মগুলো লক্ষ্য রেখে পড়ুন। কোথাও সমস্যা হলে পূর্বের দারসের নিয়মগুলো দেখে চেষ্টা করুন ইন শা আল্লাহ।

تَابَ	خَافَ	إِذَا	كَانَ	قَالَ
صَلَّاهُ	سَلَامٌ	النَّاسَ	صِيَامٌ	دِينُ
الرَّحِيمُ	أَعُوذُ	أَبَايِيلَ	سَاهُونَ	إِسْلَامٌ

## পাঠ ২: মাদের হরকত

এক আলিফ টেনে পড়তে হয় এমন আরেকটি স্থান হলো, মাদের হরকত। আমরা জেনে এসেছি, যবর-যের-পেশকে হরকত বলে। আর মাদের হরকত মানে যে সকল হরকত টেনে পড়তে হয়। হরকতের মত মাদের হরকতও তিনটি। পার্থক্য হলো, শুধু সাধারণ হরকত যবর, যের, পেশ হলে টান ছাড়া দ্রুত পড়তে হয়, আর মাদের হরকত হলে এক আলিফ টেনে পড়তে হয়।

**মুখ্য করুন:** মাদের হরকত তিনটি: খাড়া যবর <sup>১</sup> —, খাড়া যের — ও উল্টা পেশ — মাদের হরকত হলে

এক আলিফ টেনে পড়তে হয়।

বানান নিয়ম: বা খাড়া যবর-বা, যা খাড়া যের বি।

ج	ج	ج	خ	ح	خ
غ	غ	غ	خ	خ	خ
ض	ض	ض	ق	ق	ق

غ	ع	غ	ص	ص	ض
ش	ش	ش	ك	ك	ڭ
ز	ر	ز	ذ	ذ	ڏ
ٿ	ٿ	ٿ	ڦ	ڦ	ڦ
س	س	س	ڙ	ڙ	ڙ

অনুশীলনী ২

الفِ	او	کَفِی	بِهِ	هَذَا
مُوسَى	ذلِكَ	نُورٌ	طَغْيَى	آئِي



[www.tahzibinstitute.com](http://www.tahzibinstitute.com)  
[www.fb.com/tahzibinstitute](http://www.fb.com/tahzibinstitute)  
+8801730986832